দৈনিক খবর

তারিখ 13 APR 1991
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৬

ভার্সিটি শিক্ষক সমিতি

# শিক্ষকের প্রাণনাশের হুমকির নিন্দা করেছে

।। স্টাফ রিপোর্টার ।।

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের শিক্ষক ও ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির যুগ্মসম্পাদক ডঃ আরেফিন সিদ্দিকসহ অন্যান্য শিক্ষকের সাথে ছাত্রদল নেতা

২-এর পাতায় দেখুন

# শিক্ষকের প্রাণনাশের

প্রথম পৃষ্ঠার পর

জাকির হোসেন জামাল ও তার সহযোগীদের চরম ন্যক্কারজনক দুর্ব্যবহারের তীব্র নিন্দা করেছে এবং বিষয়টি আলোচনার জন্য কাল রোববার সন্ধ্যায় বিশ্ববিদ্যালয় ক্লাব ভবনে সমিতির এক জরুরী সাধারণ সভা আহবান করেছে।

গতকাল শুক্রবার অনুষ্ঠিত সমিতির কার্যকর পরিষদের এক জরুরী সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়। সভার সিদ্ধান্তে গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের ঘটনার সাথে জড়িত ব্যক্তিদের অবিলম্বে দৃষ্টান্তমূলক শাস্তিদানের জন্য উপাচার্য, বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ও সরকারের কাছে জোর দাবী জানানো হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের চেয়ারম্যান ডঃ গোলাম রহমান, বিভাগীয় শিক্ষক ডঃ আরেফিন সিদ্দিক এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির সভাপতি ও সামাজিক বিজ্ঞান অনুষদের ডীন ডঃ আনোয়ার উল্লাহ চৌধুরীকে ছাত্র নামধারী গুন্ডারা নাজেহাল ও প্রাণনাশের হুমকি দেয়ায় বিভাগের সাবেক ছাত্র-ছাত্রীরা এক বিবৃতিতে এর তীব্র নিন্দা জানিয়েছেন।

সাবেক ছাত্র-ছাত্রীরা তাদের বিবৃতিতে বলেন, বিভাগের এম এ প্রথম পর্বের ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হতে ব্যর্থ একজন প্রার্থীকে ভর্তি করে নেয়ার জন্য জনৈক জাকির হোসেন জামাল বিভাগের চেয়ারম্যানসহ কয়েকজন শিক্ষককে লাঞ্ছিত ও প্রাণনাশের হুমকি দেয়ায় ছাত্র ও শিক্ষক সমাজে গভীর উদ্বেগের সৃষ্টি করেছে। তারা এই ঘটনার তীব্র নিন্দা জানান এবং দোষী ব্যক্তিদের বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের জন্যেও যথাযথ কর্তৃপক্ষের কাছে আহবান জানান।

১৯৮৪-৮৫ শিক্ষা বর্ষের সাবেক ছাত্র-ছাত্রীদের মধ্যে স্বাক্ষর করেন মুজতবা দানিশ, শুধাংশু শেখর রায়, আহমেদ জোবায়ের, সুনীল কুমার, মাসুদ হাসান সিদ্দিকী, সালাহউদ্দিন, নাসিম ফেরদৌস, হাবিব উল্লাহ, মাহবুব উল্যাহ প্রমুখ।